# Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 12 April, 2025

কক্সবাজারের ঈদগাঁও থানা থেকে জুলাই-আগস্ট অভ্যুত্থানে পাঁচ আগস্ট লুণ্ঠিত অস্ত্রসহ কিছু সরঞ্জামাদি উদ্ধার করেছে পুলিশ।

শনিবার ভোররাতে ঈদগাঁও উপজেলার ইসলামাবাদ ইউনিয়নের পশ্চিম গজালিয়া ব্রিজের নিচে এ অভিযান চালানো হয় বলে জানান, ঈদগাঁও থানার ওসি মো. মসিউর রহমান।

উদ্ধার করা হয়েছে, ১ টি টুইনলা বন্দুক, ১ টি হেলার, ১ টি গ্যাস মাস্ক, ১ জোড়া গামবুট, ১ টি রেলিংপাইপ, ১ টি লেগগার্ড ও অস্ত্রের ২ টি সিনিং।

পুলিশ জানিয়েছে, উদ্ধার করা অস্ত্রটি গত উপজেলা পরিষদ নির্বাচনের আগে জনৈক ব্যক্তি থানায় জমা রেখেছিলেন।আর সরঞ্জামাদি থানা পুলিশের ব্যবহার্য ছিল।

মসিউর রহমান বলেন, শুক্রবার গভীর রাতে ঈদগাঁও'য়ের ইসলামাবাদ ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড ইউপি সদস্য নাঈমুল ইসলাম পশ্চিম গজালিয়া ব্রিজের নিচে ঝোপের মধ্যে থানা থেকে লুণ্ঠিত কিছু অস্ত্র পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকার তথ্য জানায়।এ খবরে ভোররাতে পুলিশের একটি দল সেখানে অভিযান চালায়।

" এতে ব্রিজের নিচে ঝোপের মধ্যে তল্লাশী চালিয়ে একটি বস্তা পাওয়া যায়।আর বস্তাটি খুলে এসব অস্ত্র ও সরঞ্জামাদি উদ্ধার করা হয়েছে।"

ওসি বলেন, " গত বছরের ৫ আগস্ট জুলাই-আগস্ট অভ্যুত্থানের সময় বিক্ষুব্ধ জনতা থানায় হামলা, ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগ করে। এসময় থানা থেকে কিছু সংখ্যক অস্ত্র ও সরঞ্জামদি লুট হয়।আর লুট করা অস্ত্রের মধ্যে থানায় বিভিন্ন সময়ে মানুষের জমা রাখা অস্ত্রও ছিল।

অস্ত্রগুলো জব্দ করা হয়েছে ও জব্দকৃত অস্ত্র কারা ফেলে গেছে এ ব্যাপারে তদন্ত করা হচ্ছে বলে জানান, মো. মসিউর রহমান।

জুলাই-আগস্ট অভ্যুত্থান অস্ত্র উদ্ধার পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:18

URL: https://www.timestodaybd.com/chittagong/775807671